

প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে মেন্টাল হেলথ সার্ভিস চালুর চেষ্টা করবে সরকার: গণশিক্ষা উপদেষ্টা

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১১ অক্টোবর ২০২৫, ১৭:১৩



প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা ডা. বিধান রঞ্জন রায় পোদ্দার। ফাইল ছবি

কুসংস্কারে আচ্ছন্ন অধিকাংশ মানুষই মানসিক চিকিৎসকের কাছে যেতে চান না। এই প্রতিবন্ধকতা ভাঙতে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে মেন্টাল হেলথ সার্ভিস চালু করার চেষ্টা করবে মন্ত্রণালয়। এমনটা জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা ডা. বিধান রঞ্জন রায় পোদ্দার।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

শনিবার (১১ অক্টোবর) দুপুরে বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের আয়োজনে 'বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবসের অনুষ্ঠানে এ কথা জানান তিনি।

গণশিক্ষা উপদেষ্টা বলেন, অনেক কাজের উদ্যোগ নিলেও তা শেষ পর্যন্ত আলোর মুখ দেখে না। তবে এবার মেন্টাল হেলথ সার্ভিস চালুর চেষ্টা করা হবে। কোনো দুর্ঘটনার পর মানসিক চিকিৎসার জন্য সরকার থেকে ফান্ড না দেয়ার বিষয়ে উদ্বেগ প্রকাশ করেন তিনি।

এর আগে, অনুষ্ঠানে মাইলস্টোন কলেজে বিমান বিধ্বস্তের ঘটনায় শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য কতটা নাজুক সেই বিষয়টি উঠে আসে। তাতে দেখা যায়, ঘটনার পর সেবা নিতে আসাদের ৭১ শতাংশই চিকিৎসকদের নিদ্রাহীনতার সমস্যার কথা জানিয়েছেন। এ সময় পাঠ্যবইয়ে মানসিক স্বাস্থ্যকে অন্তর্ভুক্ত করার দাবিও জানান চিকিৎসকরা।